

## ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক/যুব নারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতামূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর/রাধীন যুব প্রশিক্ষণ কেন্দ্র, নোয়াখালী নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে নোয়াখালী জেলার কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট হতে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ট্রেডের নাম ও আসন সংখ্যা	প্রশিক্ষণের মেয়াদ	কোর্স ফি (টাকা)	প্রশিক্ষণ ভাতা	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ	মৌখিক পরীক্ষার তারিখ	ভর্তির তারিখ
০১	“গবাদী পশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি” বিষয়ক প্রশিক্ষণ কোর্স। (আবাসিক) আসন সংখ্যা-৬০ জন।	০১/০৪/২০ থেকে ৩০/০৬/২০ পর্যন্ত, ০৩মাস	১০০/	প্রতিমাসে জনপ্রতি ৩০০০/- উপস্থিতি ভিত্তিতে	অষ্টম শ্রেণি	২৫/০৩/২০২০	২৯/০৩/২০	০১/০৪/২০

### দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :

- বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আত্মহী প্রার্থীর বয়স ১৮-৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুব মহিলা প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- নির্ধারিত আবেদন ফরমে (১) পূর্ণ নাম (বাংলা ও ইংরেজী) (২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (৪) জন্মতারিখ (৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (৬) জাতীয় পরিচয় পত্রের নম্বর যদি থাকে অথবা জন্ম সনদপত্র (৭) বর্তমান ঠিকানা (৮) স্থায়ী ঠিকানা (৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেডার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠন সদস্য হলে সংগঠনের নাম (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।
- নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) ওয়েব সাইট থেকে ডাউনলোড করে পাওয়া যাবে অথবা জেলার উপপরিচালকের কার্যালয় এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। পূরনকৃত আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে জমা প্রদান করতে হবে।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয় পত্র (NID) (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার/জন্ম নিবন্ধন সনদপত্র (গ) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
- সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে নির্বাচনী বোর্ডের সামনে সকাল ১০.০০ ঘটিকায় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ /ডি.এ দেয়া হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

### প্রশিক্ষণের শর্তাবলী :

- ভর্তির সময় কোর্স ফি ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ১০০/- (একশত) টাকা (ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে, সমাপনী দিবসে জামানত ফেরত দেয়া হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

স্বাক্ষরিত

(জসীম উদ্দীন আহাম্মদ খান)

উপপরিচালক (ভারপ্রাপ্ত)

ফোনঃ- ০৩২১-৬১০৫১

Email-dydoakhali@gmail.com

তারিখ : ১১/০৩/২০২০খ্রিঃ

স্মারক নং : ৩৪.০১.৭৫০০.০০০.৩৮.০১৫.১৭- ৯৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৩। পুলিশ সুপার, নোয়াখালী।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ.....নোয়াখালী।
- ০৫। জেলা..... অফিসার, নোয়াখালী।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার....., নোয়াখালী।
- ০৭। ডেপুটি কো-অডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, নোয়াখালী।
- ০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,..... নোয়াখালী। (আপনাকে নির্ধারিত কোটা অনুযায়ী মনোনয়ন পূর্বক প্রশিক্ষণার্থীর তালিকা (জাতীয় পরিচয় পত্র(NID)/ জন্ম নিবন্ধন সনদপত্রসহ) আগামী ৩০/০৩/২০২০ ইং তারিখের মধ্যে অত্রকার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৯। অফিস কপি / গার্ড ফাইল/ নোটিশ বোর্ড।

বিঃদ্রঃ প্রশিক্ষণার্থী প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত কোটা অনুসরণের জন্য অনুরোধ করা হলো। (ক) সেনবাগ - ৫ জন। (খ) সদর - ১০ জন (গ) সুবর্নচর - ৭ জন (ঘ) বেগমগঞ্জ - ১০ জন (ঙ) সোনাইমুড়ী-০৫ জন। (চ) কোম্পানীগঞ্জ- ৬ জন (ছ) কবিরহাট ৬ (জ) হাতিয়া- ৫ জন (ঝ) চাটখিল - ৬ জন।



১১/০৩/২০২০

(জসীম উদ্দীন আহাম্মদ খান)

উপপরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন নং-০৩২১-৬১০৫১